

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫২৩(আগরতলা-১১।০১)

খোয়াই, ১১ জানুয়ারী, ২০১৮

তেলিয়ামুড়ায় মৎস্য শেডের উদ্বোধন

তেলিয়ামুড়া পুর পরিষদের উদ্যোগে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ পুর এলাকার ব্লক চৌমুহনী বাজারে মৎস্য বাজার শেডের উদ্বোধন হয়েছে। ১১ লক্ষ ৫৫ হাজার ৭২৫ টাকা ব্যয়ে নির্মিত এই মৎস্য শেডের উদ্বোধন করেন পানীয় জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের মন্ত্রী রতন ভৌমিক। এর উদ্বোধন করে তিনি বলেন, রাজ্য সরকার পিছিয়ে পড়া অংশের মানুষের অর্থনৈতিক মান উন্নয়নের লক্ষ্যে কাজ করছে। শিক্ষা, স্বাস্থ্য, পানীয় জল, যোগাযোগ, কৃষি, জলসেচ ব্যবস্থার উন্নয়নে বাস্তব পরিস্থিতির উপর নির্ভর করে কাজ করছে। কৃষি, মৎস্য, বনায়নে গুরুত্ব দেওয়া হয়েছে। স্বাস্থ্য ও বিদ্যুৎ পরিষেবা প্রায় প্রতিটি গ্রামে পৌঁছে গেছে। তিনি রাজ্যের সার্বিক উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে শান্তি সম্প্রীতির পরিবেশকে অক্ষুণ্ন রাখার জন্য সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানের প্রধান অতিথি বিধায়ক গৌরী দাস বলেন, সরকার মানুষের কল্যাণে শিক্ষা, স্বাস্থ্য সহ সামগ্রিক উন্নয়নের কর্মসূচি জারী রেখেছে। উন্নয়নের এই ধারাকে অব্যাহত রাখতে তিনি সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন সজল কুমার দে।
